## রপ্তানিকারক হওয়ার জন্য করণীয়:

কোন পণ্য রপ্তানি করতে হলে প্রথমেই নিম্নোক্ত কাগজ পত্রাদি জমাদানপূর্বক আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর (https://olm.ccie.gov.bd) হতে রপ্তানি নিবন্ধন সনদ (ERC) গ্রহণ করতে হবে:

- নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদনপত্র;
- সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক ইস্যুকৃত বৈধ (valid) ট্রেড লাইসেন্স এবং জয়েন্ট ভেঞ্চার (যৌথ উদ্যোগ) এর জন্য চুক্তিনামা (স্থানীয় ও অর্ন্তজাতিক যৌথ উদ্যোগ বিনিয়োগের জন্য);
- ইলেকট্রনিক করদাতা সনাক্তকরণ নাম্বার সনদ (ETIN)/হালনাগাদ আয়কর সনদ/হালনাগাদ আয় কর দাখিলের রসিদ;
- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র (NID)/পাসপোর্টের কপি;
- মনোনীত ব্যাংকের প্রত্যয়নপত্র;
- স্বীকৃত চেম্বার/ব্যবসা সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশনের হালনাগাদকৃত সদস্যতা সনদ;
- ফিস ও ভ্যাট জমাকরণের চালানকপি।

ইভেন্টিং সর্ভিসের রপ্তানি নিবন্ধন সনদ আবেদনের ক্ষেত্রে উপরিল্লিখিত কাগজ পত্রাদির সাথে “বাংলাদেশ ইভের্ন্টিং এজেন্টস এসোসিয়েশন” এর হালনাগাদ সদস্যতা সনদ দাখিল করতে হবে।

বি: দ্র: এ সংক্রান্ত বিস্তারিত/হালনাগাদ তথ্যাদি https://olm.ccie.gov.bd/faq ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যেতে পারে ও অনলাইন আবেদন করা যেতে পারে।

## রপ্তানির ধাপসমূহ(Setp/Process):

রপ্তানি প্রক্রিয়া শুরু হয় সুশৃঙ্খল পরিকল্পনা ও বাজার গবেষণার মধ্য দিয়ে। রপ্তানিকারককে উপযুক্ত পণ্য, বৈদেশিক ক্রেতা, পণ্যটি যে দেশে প্রেরণ করা হবে সে দেশের এ পণ্য রপ্তানি সংক্রান্ত নিয়মাবলী, পণ্যের দর নির্ধারণ, ক্রেতার সাথে যোগাযোগ, পণ্য পরিবহন, ইনকোটার্ম ও ব্যাংকিং নিয়মাবলী যথাযথভাবে পরিপালন করে রপ্তানি সম্পন্ন করতে হবে। পণ্য রপ্তানির ধাপসমূহ নিম্নরুপ:

- আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর (CCI&E) হতে রপ্তানি নিবন্ধন সনদ (ERC) গ্রহণ করতে হবে;
- ক্রেতার সাথে বিক্রয় প্রস্তাব আদান-প্রদান (Proforma Invoice);
- নির্ধারিত ব্যংক হতে এলসি সংগ্রহ করা;
- অনুমোদিত ব্যাংক হতে রপ্তানি সহায়ক আর্থিক সংস্থান করা;
- রপ্তানি পণ্য প্রস্তুত করা;
- পণ্যের মান নিয়ন্ত্রণ, ক্রেতার চাহিদা ও পণ্য আমদানিকারক দেশের নিয়ম অনুযায়ী পণ্যের জন্য প্রয়োজনীয় টেষ্ট ও সনদ সংগ্রহ যথা, প্রিশিপমেন্ট ইনস্পেকশন, স্বাস্থ্য সনদ, সেনেটারি-ফাইটোসেনেটারি সনদ, কোয়ারেন্টাইন সনদ, ভেটেনারি সনদ, বিকিরণ (রেডিয়েশন) সনদ ইত্যাদি;
- কান্ট্রি অব অরিজিন সনদ, রুলস অব অরিজিন সনদ (প্রোযোজ্য ক্ষেত্রে ট্যারিফ সুবিধার জন্য);

- এফএফএ (Freight Forwarding Agent), শিপিং এজেন্ট, ক্লিয়ারিং ও ফরোয়াডিং এজেন্ট ও অন্যান্য পরিবহন এজেন্টের সাথে চুক্তি;
- বিল অব এক্সপোর্ট/শিপিং বিল তৈরিকরণ ও তা নির্ধারিত কাস্টমস দপ্তরে জমাদান;
- ক্রেতা কর্তৃক মনোনীত ব্যাংকে রপ্তানি ডকুমেন্টসমূহ প্রেরণ;
- রপ্তানি প্রক্রিয়াকরণ সম্পন্নকরণ ও নির্ধারিত ব্যাংক হতে প্রোফিট রিয়েলাইজেশন সনদ (PRC) সংগ্রহকরণ।